দৈনিক সংবাদ

তারিখ 15 MAR 1991
পৃষ্ঠা 6 কলাম 4

30

12

# অধ্যক্ষ আবুল কাশেম 'বাংলা ভাষার জাগ্রত বিবেক' খেতাবে ভূষিত

(নিজস্ব বার্তা পরিবেশক)

'অধ্যক্ষ আবুল কাশেম স্বর্ণপদক পরিষদ' ১৯৮৯ সালের জন্য ডঃ নূরুল হক ভূইয়া এবং '৯০ সালের জন্য শামসুল হককে পদক দিয়েছে। পরিষদ ভাষা সৈনিক মরহুম আবুল কাশেমকে 'বাংলা ভাষার জাগ্রত 'বিবেক' খেতাবেও ভূষিত করেছে।

গতকাল বৃহস্পতিবার জাতীয় গ্রন্থকেন্দ্রে আয়োজিত এক অনুষ্ঠানে এই পদক ও খেতাব দেয়া হয়। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ডঃ ইন্নাস আলী এবং প্রেস কাউন্সিলের চেয়ারম্যান বিচারপতি রুহুল ইসলাম প্রধান অতিথি ও অধ্যাপক শামসুল আলম বিশেষ অতিথি ছিলেন। এতে বক্তব্য রাখেন বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের চেয়ারম্যান অধ্যাপক শামসুল হক, অধ্যাপক শাহেদ আলী, ডঃ মোহাম্মদ আলী, অধ্যাপক আনোয়ারুল হক খান মজলিশ, মোস্তফা কামাল ও নিয়ামত ইলাহী।